
# সাকার ফিশ: দেশীয় প্রজাতির মাছের জন্য হুমকি



সাকার ফিশ যার ইংরেজি নাম Suckermouth catfish বা Common pleco; এটি মূলত স্বাদুপানির মাছ। সাকার মাউথ ক্যাটফিশ আশির দশকে দক্ষিণ আমেরিকার ব্রাজিল থেকে অননুমোদিতভাবে বাহারি মাছ হিসেবে প্রথম বাংলাদেশে নিয়ে আসা হয়। বর্তমানে সাকার ফিশ নদী-নালা, খাল-বিল এবং চাষের পুকুরে চাষকৃত মাছের সাথে ব্যাপকভাবে ধরা পড়ছে মর্মে বিভিন্ন প্রতিবেদনে দেখা যায়, যা জীববৈচিত্র্য তথা দেশীয় প্রজাতির মাছের অস্তিত্বের জন্য হুমকিস্বরূপ বলে ধারণা করা হচ্ছে।

## সাকার ফিশের বৈশিষ্ট্য

- সাকার ফিশের দেহ বহিরাবরণ কাঁটাযুক্ত, আঁইশ অস্থিযুক্ত বর্মের ন্যায়, কালোর উপর সাদা মোজাইক দাগ;
- মাছটির মুখ চোষকযুক্ত নিম্নমুখী। মাছটি ১৮ ইঞ্চি পর্যন্ত লম্বা হয় এবং সাকার ফিশ সর্বভুক শ্রেণির;
- স্বল্প অক্সিজেন এমনকি পানি ছাড়াও ৬০ ঘন্টা পর্যন্ত বাঁচতে পারে;
- দৈহিক বৃদ্ধি দ্রুত হয় এবং দ্রুত বংশবৃদ্ধি করতে পারে;
- জলাশয়ের তলদেশে শ্যাওলা, জৈব আবর্জনা, ছোট ছোট কীট, অন্যান্য মাছের ডিম ও রেণু পোনা খায়;
- এ মাছ ১০-১৫ বছর পর্যন্ত বাঁচে এবং এ মাছের অভিযোজন ক্ষমতা অপেক্ষাকৃত বেশি;
- সাকার ফিশের দেহ কম মাংসল, অধিক বর্ম ও কাঁটাযুক্ত বিধায় খাবার হিসেবে এর উপযুক্ততা কম;
- পোনা মাছ প্রাপ্তবয়স্ক না হওয়া পর্যন্ত মাতাপিতার যত্নে (প্যারেন্টাল কেয়ার) থাকে বিধায় এদের বেঁচে থাকার হার অপেক্ষাকৃত বেশি।

## সাকার ফিশের ক্ষতিকর প্রভাব

- যে কোন জলজ পরিবেশে বেঁচে থাকতে পারে এবং দ্রুত বংশবৃদ্ধির কারণে দেশীয় প্রজাতির মাছের সাথে খাদ্য ও বাসস্থান নিয়ে প্রতিযোগিতা করে।
- দেশীয় প্রজাতির মাছের ডিম ও রেণু ভক্ষণ করে মাছের বংশবিস্তারে ক্ষতিকর প্রভাব ফেলে, সর্বোপরি জলজ জীববৈচিত্র্য নষ্ট করে।
- দেশীয় প্রজাতির ছোট মাছসহ জলজ পোকামাকড়, শ্যাওলা, ছোট শামুকজাতীয় প্রাণী খেয়ে পরিবেশের সহনশীল খাদ্যশৃংখল নষ্ট করে।
- সাকার ফিশের ধারালো পাখনার আঘাতে সহজেই অন্য মাছের দেহে ক্ষতের সৃষ্টি হয়।
- জলাশয়ের পাড়ে ক্ষেত্রবিশেষে ৫ ফুট পর্যন্ত গর্ত করে পাড়ের ক্ষতি করে এবং জলাশয়ের উৎপাদন ও উৎপাদনশীলতা কমায়।

## সাকার ফিশ নিধনে করণীয়

- উন্মুক্ত বা বদ্ধ জলাশয়ে পাওয়া গেলে সাথে সাথে নিরাপদ নিষ্পত্তির মাধ্যমে বিনষ্ট করতে হবে।
- সেচের মাধ্যমে পুরোপুরি শুকিয়ে মাছ আহরণ করে বিনষ্ট করতে হবে।
- হ্যাচারিতে প্রজনন বা লালন-পালন করা যাবে না।
- অ্যাকুরিয়ামে শোভা বর্ধনকারী মাছ হিসেবে পালন বন্ধ করতে হবে।
- নতুন করে উন্মুক্ত জলাশয় বা বদ্ধ জলাশয়ে প্রবেশ করতে না পারে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

## আসুন সবাই মিলে সাকার ফিশের বিস্তার রোধ করি

মৎস্য অধিদপ্তর
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়